

পাগড়ি পরে নামায পড়লে কি সাওয়াব বেড়ে যায়?

প্রশ্ন:

আমাদের মসজিদের এক আলেম বললেন, ইমাম সাহেব ইমামতির সময় পাগড়ি পরে নামায পড়লে এক রাকাতে সত্তর রাকাতের সাওয়াব পাওয়া যায়। তিনি এও বলেন, ইমাম পাগড়ি পরলে মুসল্লিরাও বেশি সাওয়াব পায়। কথাগুলো কি সঠিক? এগুলোর কি কোনো ভিত্তি আছে?
-মুহাম্মাদ হাসিন

উত্তর:

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরাম পাগড়ি ব্যবহার করতেন। তাই পাগড়ি ব্যবহার করা সুন্নত। পাগড়ি সালাফে সালাহীনের পছন্দনীয় পোশাক ছিল। আর নামাযে উত্তম পোশাক গ্রহণের নির্দেশ প্রদান করা হয়েছে।

ইরশাদ হচ্ছে,

يَبْنَىٰ آدَمَ حُدُوًا زَيْنَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ

“হে বনি আদম! প্রত্যেক নামাযের সময় তোমরা সুন্দর পোশাক গ্রহণ করবে।” -সূরা আরাফ ০৭: ৩১

সুতরাং কেউ যদি পাগড়ি পরে নামায আদায় করে, তাহলে তিনি নামাযে উত্তম পোশাক গ্রহণের সাওয়াব পাবেন।

তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সাহাবায়ে কেলাম ও সালাফে সালাহীন বিশেষভাবে শুধু নামাযের সময় পাগড়ি ব্যবহার করতেন না, বরং একটি পোশাক হিসেবে নামাযের ভিতরে ও বাইরে সব সময়ই ব্যবহার করতেন। তাই অন্য সময় না পরে শুধু নামাযের সময় পাগড়ি পরা তাদের রীতির পরিপন্থী। তাছাড়া এর দ্বারা সাধারণ মানুষ নামাযে পাগড়ি পরিধানের বিষয়ে বিশেষ বিশেষ সাওয়াব সংক্রান্ত বর্ণনাগুলো সঠিক মনে করার আশঙ্কা রয়েছে। অথচ পাগড়ি পরে নামায আদায় করলে এক রাকাতে সত্তর রাকাতের সাওয়াব বা এরকম বিশেষ কোনো সাওয়াব হওয়ার কথা নির্ভরযোগ্য হাদীস দ্বারা প্রমাণিত নয়। এ ব্যাপারে যেসব বর্ণনা রয়েছে তার কোনোটিই মানোত্তীর্ণ নয়। -শারহ আবওয়াবিন মিন জামিয়ত তিরমিযী, ইবনে রজব হাম্বলী রহিমাহুল্লাহ, পৃ: ১১১; লিসানুল মিয়ান: ৩/২২৪ (আলমুআসসাআতুল আলামী); আল-মাকাসিদুল হাসানাহ, পৃ: ৪২৩, ৪৬৬ (দারুল কিতাবিল আরাবী); আল-মাসনু, পৃ: ১১৮

(মুআসসাসা তুর রিসালাহ); রদুল মুহতার: ১/১২৮
(দারুল ফিকর)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৬-০১-১৪৪৭ হি.

০২-০৭-২০২৫ ঈ.

